উপজেলা পরিষদ
বিরামপুর,দিনাজপুর

নোটিশ

আগামী ৩০.১০.২০২৩ তারিখ সোমবার সকাল ১১.৩০ টায় অক্টোবর ২০২৩ মাসের ৫ম পর্যায়ের বিরামপুর উপজেলা পরিষদের ৫৮তম সভা জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুরের সভাপতিত্বে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। **সভায় উপস্থাপনযোগ্য তথ্যের হার্ড কপি ও সফট কপি (নিকষফন্টে) সভার পূর্বে অবশ্যিকভাবে দাখিল করার জন্য** এবং সভার নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়সমূহ ঃ
১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ।
২. উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনা।
৩. সরকারি পরিপত্র নিয়ে আলোচনা।
৪. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনা।
৫. বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৬. বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা ইত্যাদি ভাতাভোগী নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৭. বিবিধ।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর,দিনাজপুর

স্মারক নং- ০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩- ১৩৭৩/১(৪৫) তারিখঃ ২৫.১০.২০২৩খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-৬।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৫। মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৮। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
০৯। উপজেলা কৃষি অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১১। উপজেলা মৎস্য অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১২। জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী , বিরামপুর, দিনাজপুর।
১৩। উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর।
১৪। উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর।
১৫। সহকারী প্রকৌশলী,বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর।
১৬। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর।
১৭। উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১৯। উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুর, দিনাজপুর।
২০। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিরামপুর, দিনাজপুর।
২১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২২। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর, দিনাজপুর

২৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৬। উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর, দিনাজপুর।

২৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৮। উপজেলা পরিসংখ্যান অফিসার, বিরামপুর, দিনাজপুর।

২৯। উপজেলা সমবায় অফিসার, বিরামপুর, দিনাজপুর।

৩০। রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর।

৩১। উপজেলা নির্বাচন অফিসার, বিরামপুর, দিনাজপুর।

৩২। ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর।

৩৩। উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।

৩৪। শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর

৩৫। Upazil Development Facilitator (UDF), Birampur, Dinajpur.

৩৬। তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর, দিনাজপুর।

৩৭। চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৩৮। চেয়ারম্যান, ২নং কাটলা ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৩৯। চেয়ারম্যান, ৩নং খানপুর ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪০। চেয়ারম্যান, ৪নং দিওড় ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪১। চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪২। চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪৩। চেয়ারম্যান, ৭নং পলিপ্রয়াগপুর ইউপি, বিরামপুর, দিনাজপুর।

৪৪। মোছাঃ আঙ্গুড়া পারভীন, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন-১, বিরামপুর, দিনাজপুর।

৪৫। মোছাঃ নার্গিস পারভীন, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন-২, বিরামপুর, দিনাজপুর।

৪৬। মোছাঃ রেজিনা খাতুন, মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সংরক্ষিত আসন-৩, বিরামপুর, দিনাজপুর।

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

৩০.১০.২০২৩ তারিখে অনুষ্ঠিত অক্টোবর ২০২৩ মাসের বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভায় উপস্থিতির স্বাক্ষর।

| ক্রমিক | নাম | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ খায়রুল আলম | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭১২-৭০১২৭৬ e-mail: razuuchb@gmail.com | |
| ০২. | জনাব নুজহাত তাসনীম আওন | উপজেলা নির্বাহী অফিসার) বিরামপুর দিনাজপুর | ০১৭৬১-৪৯৩৫৩৩ e-mail:unobirampur@mopa.govt.bd | |
| ০৩. | জনাব মোঃ আককাস আলী | মেয়র, বিরামপুর পৌরসভা বিরামপুর, দিনাজপুর। | ০১৭১২-৯৪২৬০৬ e-mail: | |
| ০৪. | জনাব উম্মে কুলসুম বানু | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, বিরামপুর | ০১৭১৬-৬৬১৬১৭ e-mail: | |
| ০৫. | জনাব মোঃ মেজবাউল ইসলাম মন্ডল | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর। | ০১৭২৩-১৯৮৪৪৬ e-mail: | |
| ০৬. | জনাব ফিরোজ আহম্মেদ | উপজেলা কৃষি অফিসার বিরামপুর দিনাজপুর | ০১৭২৫-৩১৯৮২৬ uaobirampur@yahoo.com | |
| ০৭. | ডাঃ [illegible] RMO. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বিরামপুর | ০১৭১৭-৭৩৬১৮৫ email:birampur@uhfpo.dghs.gov.bd | |
| ০৮. | ডাঃ বিপুল কুমার চক্রবর্তী | উপজেলা প্রাণিসম্পদ অফিসার বিরামপুর, দিনাজপুর। | ~~[illegible]~~ 01741061593 ulobirampurdls@gmail.com | |
| ০৯. | জনাব ............................ [illegible] | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বিরামপুর | ০১৭৬৯-৪০০০২৭/............................ dpbstwo@gmail.com | |
| ১০. | জনাব মোঃ কাওসার হোসেন | উপজেলা মৎস্য অফিসার বিরামপুর, দিনাজপুর। | মোবাইলঃ ০১৭২৮-৩৫৭৯৩৮ email: kaoserf@gmail.com | |
| ১১. | জনাব মোঃ আবু সাঈদ | উপ-সহকারি প্রকৌশলী BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর। | ০১৩১৫-৭৪৩৪৫৯ e-mail: mdabusied698@gmail.com | |
| ১২. | জনাব মোঃ রফিকুল ইসলাম | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | ০১৭১৭-৮৪৯৯৩১ e-mail:ae_birampur_dinaj@bmda.gov.bd | |
| ১৩. | জনাব মোঃ আতাউর রহমান | উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর | ০১৭৫১-২১৬১৭০ ue.birampur@lged.gov.bd | |
| ১৪. | মোছাঃ মিনারা বেগম | উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর দিনাজপুর | ০১৭১২-২৩৪২৩৫ ueobpur@gmail.com | |
| ১৫. | জনাব ............................ | অফিসার ইনচার্জ বিরামপুর থানা, দিনাজপুর। | ........................................ e-mail:birampurpsdinajpur@gmail.com | |
| ১৬. | জনাব মোঃ শমসের আলী মন্ডল | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭১২-১৫৯৪২৯ useobirampur@gmail.com | |
| ১৭. | জনাব আবদুল আউয়াল | উপজেলা সমাজসেবা অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭৮৩-৩৭১০১৩ ussobirampur@dss.gmail.com | |
| ১৮. | জনাব নিশিকান্ত মালাকার | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ বিরামপুর, দিনাজপুর | ০১৭৪০-৮২৩৭৪৪ e-mail: nishemalakar7@gmail.com | |
| ১৯. | জনাব পাপিয়া নাছরীন | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ ০১৭৪৮-৫৯৫৭৫৭ e-mail:papianasrin09@gmail.com | |
| ২০. | জনাব খন্দকার মোহাম্মদ আলী | উপজেলা নির্বাচন অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭১১-০৭১৭৬৭ e-mail: kmranga2017@gmail.com | |
| ২১. | জনাব মোঃ লুৎফর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ ০১৭৩৮-৪৬৭০৭০ e-mail: brdb.birampur@gmail.com | |
| ২২. | জনাব মোঃ হুমায়ুন ফরিদ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। | ০১৭১৬-২৭৬২৩৯ e-mail: | |
| ২৩ | জনাব মোঃ আতাউর রহমান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭১১-৩৬২৮৩৫ e-mail: | |

| ক্রমিক | নাম | পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৪. | জনাব মুক্তা খাতুন | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিরামপুর, দিনাজপুর | ০১৭০৬-৩০০১৫০ e-mail: | |
| ২৫. | জনাব মোঃ জমিল উদ্দিন মন্ডল | উপজেলা যুব উন্নয়ন অফিসার বিরামপুর, দিনাজপুর | ০১৭১৬-০৬৭৭১৩ e-mail: | |
| ২৬. | জনাব মোঃ আজমল হোসেন | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার বিরামপুর, দিনাজপুর | মোবাইল ০১৭১২-২৫৫৫২০ e-mail: urcbirampur@gmail.com | |
| ২৭. | জনাব পিয়াস ইবনে হাবিব | উপজেলা পরিসংখ্যান অফিসার/ তদন্তকারী | মোবাইল: ০১৭১৭-৮৪৯৯১১ e-mail:usobirampur5266@gmail.com | |
| ২৮. | জনাব মোশাররত জাহান | উপজেলা মহিলা বিষয়ক অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইল: ০১৭৬১-১৯০৫৪৫ e-mail:uwabirampur@yahoo.com | |
| ২৯. | জনাব শুভ্র মন্ডল | উপজেলা হিসাবরক্ষণ অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইল ০১৭৩৭-৪৭৬৯৬৭ e-mail: uaobirampur@gmail.com | |
| ৩০. | ডাঃ মোছাঃ তাহেরা খাতুন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (ভারপ্রাপ্ত) বিরামপুর | মোবাইল ০১৭১৬-১২৯২৭২ e-mail:ufpobirampur00@gmail.com | |
| ৩১. | জনাব মুহাম্মদ রকিবুল হাসান | উপজেলা সমবায় অফিসার বিরামপুর, দিনাজপুর | মোবাইল ০১৭১৬-৩০৪৭১০ e-mail: | |
| ৩২. | জনাব সমর সেন | Upazil Development Facilitator (UDF), Birampur, | মোবাইলঃ০১৭১৬-০৬১৪৫৮ e-mail: samarsenbd@gmail.com | |
| ৩৩. | জনাব মোছাঃ রাবেয়া আক্তার | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ০১৮৪৫-৪৫৬৯৯০ e-mail: tsk.birampur@tottoapa.gov.bd | |
| ৩৪. | জনাব ধনঞ্জয় চন্দ্র রায় | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা, দিনাজপুর। | মোবাইলঃ ০১৭২৩-৩৭৩৮৬৮ e-mail: ucobirampur. @gmail.com | |
| ৩৫. | জনাব মোঃ আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | মোবাইলঃ০১৭১৭-৩১৮৪৮২ e-mail: | |
| ৩৬. | জনাব মোঃ ইউনুস আলী | চেয়ারম্যান, ২নং কাটলা ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭১৯-২৫১৭১৭ e-mail: | |
| ৩৭. | জনাব শ্রী চিত্তরঞ্জন পাহান | চেয়ারম্যান, ৩নং খানপুর ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭১৫-৫০০৪৮০ e-mail: | |
| ৩৮. | জনাব মোঃ আব্দুল মালেক মন্ডল | চেয়ারম্যান, ৪নং দিওড় ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭৮০-৮১৫৯১৫ e-mail: | |
| ৩৯. | জনাব মোঃ হুমায়ুন কবীর বাদশা | চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউনিয়ন বিরামপুর, দিনাজপুর | ০১৭১৮-৭৮৭৬৭৩ e-mail: | |
| ৪০. | জনাব মোঃ আব্দুর রাজ্জাক মন্ডল | চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউনিয়ন, বিরামপুর, দিনাজপুর | ০১৭২২-৭৫২৯৫০ e-mail: | |
| ৪১. | জনাব মোঃ রহমত আলী | চেয়ারম্যান, ৭নং পলিপ্রায়গপুর ইউনিয়ন, বিরামপুর, দিনাজপুর | ০১৭২৫-০১২২৪৬ e-mail: | |
| ৪২. | মোছাঃ আঞ্জুরা পারভীন | মহিলা সদস্য, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭৩১-৩৩১৮২২ e-mail: | |
| ৪৩. | মোছাঃ নার্গিস পারভীন | মহিলা সদস্য, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭১৬-৮৭ ০৮২৭ e-mail: | |
| ৪৪. | জনাব রেজিনা খাতুন | মহিলা সদস্য, উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর | ০১৭০৩-৭৫১১৫১ e-mail: | |

## অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ৩১.১০.২০২৩খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতেই উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বিভাগীয় আলোচনা</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিরামপুর, দিনাজপুরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে খরিপ-২ (২০২৩-২০২৩ মৌসুমে রোপা আমনের লক্ষ্যমাত্রা ছিল ১৭৪৪৫ হেক্টর। যার মধ্যে হাইব্রীড ধান ছিল ২৯০ হেক্টর এবং উফশী ছিল ১৭১৫৫ হেক্টর। হাইব্রীড ধানের উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১১০৮ মে.টন এবং উফশী ধানের উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ৫৩০০৯ মে.টন (মোট ৫৪১১৭ মে.টন)। ইতোমধ্যে ২৯০ হেক্টর হাইব্রীড ধান কর্তন করা হয়েছে এবং হেক্টর প্রতি ফলন হয়েছে ৫.৭৩ মে.টন। উফশী ৬২২ হেক্টর ধান কর্তন করা হয়েছে এবং হেক্টর প্রতি ফলন হয়েছে ৫.০৪ মে.টন। তিনি আশাবাদী এ বছর ধানের উৎপাদন লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে।<br>রবি ২০২৩-২০২৪ অর্থ বছরে আলু ফসলের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৭০০ হেক্টর, বোরো ধান ১৫২৫৯ হেক্টর, গম ১৩০ হেক্টর, ভূট্টা ১৬৬০ হেক্টর, মিষ্টি আলু ৩ হেক্টর, সবজি ১২৮০ হেক্টর, সরিষা ১৮৩০ হেক্টর, সূর্যমুখী ১৩ হেক্টর, পেঁয়াজ ১৩০ হেক্টর, রসুন ২০ হেক্টর, মরিচ ৫০ হেক্টর। এখন পর্যন্ত মাঠে ৫০ হেক্টর আলু এবং শাকসবজি ৪০০ হেক্টর এবং মরিচ ৫ হেক্টর লাগানো হয়েছে। বাকী ফসল সময় হলে লাগানো হবে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর আনন্দের সাথে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ইঁদুর নিধন অভিযানে দিনাজপুর অঞ্চলের (দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) ২৩টি উপজেলার মধ্যে ২য় হয়েছে যথাক্রমে এ উপজেলার কৃষক জনাব উকিল হাসদা, রতনপুর, বিরামপুর, দিনাজপুর ও উপসহকারী কৃষি কর্মকর্তা জনাব মোঃ রহমত আলী এবং প্রতিষ্ঠান হিসেবে প্রথম হয়েছে উপজেলা কৃষি অফিস, বিরামপুর, দিনাজপুর। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং বৃদ্ধি করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. ইঁদুর নিধন অভিযানে দিনাজপুর অঞ্চলের মধ্যে ২য় স্থান অধিকার করায় এ উপজেলার কৃষক জনাব উকিল হাসদা, রতনপুর ও জনাব মোঃ রহমত আলী, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস এবং প্রতিষ্ঠান হিসেবে উপজেলা কৃষি অফিস, বিরামপুর, দিনাজপুর প্রথম হওয়ায় অভিনন্দন জানানো হয়। এ ধারাবাহিকতা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পদটি শূন্য থাকায় সমস্যা হচ্ছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ি দায়িত্বপ্রাপ্ত হলেও তিনি নিয়মিত আসেন না।<br>তিনি আরও জানান যে, অন্তঃবিভাগে শিশুসহ রোগীর পরিসংখ্যা এরুপঃ ভর্তি রোগীর সংখ্যা-৮৭৭জন, মৃতসহ ছাড়কৃত রোগীর সংখ্যা-৮৭৬ জন (মৃত নাই), দৈনিক অবস্থিত রোগীর সংখ্যা-১৫৯৬, বিছানা দখলের হার-১০৬.৩৩%। বহির্বিভাগ ও জরুরী বিভাগে শিশুসহ রোগীর পরিসংখ্যা এরুপঃ বহি বিভাগ-৭৯১১ জন তন্মধ্যে শিশু-১৯৪৭ জন। জরুরী বিভাগ-১৩২২ জন তন্মধ্যে শিশু-৩৩৯ জন। সর্বমোট=৯২৩৩ জন। প্রসূতি বিভাগ NCD কর্ণারসহঃ সেবা গ্রহীতার সংখ্যা-৩০৩ জন, ভর্তি রোগীর সংখ্যা-১৫৩ জন, প্রসব/গর্ভ সংক্রান্ত জটিলতা-৮ জন, স্বাভাবিক ডেলিভারী-৭৭ জন, Vaginal Breech Delivari-০১ জন মোট=৭৮ জন। মোট জীবিত জন্ম-৭৪ জন এবং মৃত জন্ম-০৪ জন। অন্যান্য প্রতিষ্ঠানে রোগী প্রেরণ-৫ জন, PNC সেবা গ্রহীতার সংখ্যা-৮৮ জন। রক্ত সঞ্চালন-৪২ ব্যাগ। তিনি আরও জানান যে, গত ৩ মাসে ৮৫ জন যক্ষ্মা রোগী পাওয়া গেছে। তাদের মধ্যে ৫ জনকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী পাঠানো হয়েছে, ২ জন সুস্থ্য হয়ে বাড়ি গেছে। জরায়ু মুখের ক্যান্সার বিষয়ে রেজিস্ট্রেশন চলছে। ৫০০০জন হলে ক্যাম্প হবে। তাদেরকে টিকা দেয়া হবে। বিবাহিত জীবন ১০ বছর হলেও পরীক্ষা করাতে পারবে। ৩০ বছর হলে স্বাভাবিক নিয়মে পরীক্ষা করাতে পারবে। ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে ৫১ জন তন্মধ্যে বহির্বিভাগে ২০ জন এবং ভর্তি আছে ৫ জন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, শীতকালে PPR রোগের প্রাদুর্ভাব ঘটে। সে কারণে PPR রোগের টিকা প্রতিটি ইউনিয়নের ওয়ার্ডে ওয়ার্ডে বিনামূল্যে প্রদান করা হবে। তিনি এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন এবং সহযোগিতা কামনা করেন। এ পর্যায়ে ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | জানান যে, ছাগল কাঁপতে কাপতে ছাগলের ঘাড় বাকা হয়ে যাচ্ছে।<br>গত এক মাসে ১৭৯৪টি গবাদি প্রাণির এবং ৯৪৬৬টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে ৭২০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় । কৃত্রিম প্রজনন ৪২৭ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬২টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৭৮৪০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৪১০০০ মাত্রা। এ মাসে ০১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়েছে এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। এ উপজেলায় ছাগল ও ভেড়া মিলে PPR মাত্রা টিকা প্রদান করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, চলতি মাসে গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর টিকা প্রাপ্তি হয়েছে-(১) তড়কা-০ মাত্রা, (২) বাদলা-০ মাত্রা, (৩) গলাফুলা-০ মাত্রা, (৪) বিসিআরডিবি-২৫০০০ মাত্রা, (৫) আরডিবি-৫০০০মাত্রা, (৬) ফাউল পক্স-০০ মাত্রা, (৭) পাউল কলেরা-১০০০ মাত্রা, (৮) গট পক্স-০ মাত্রা, (৯) গামবোরো-৫০০০মাত্রা এবং (১০)ডাকপ্লেগ-৫০০০ সর্বমোট=৪১০০০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, নদীগুলোতে কাটা দেয়ার কারণে সেখানে গ্যাসের সৃষ্টি হচ্ছে ফলে মা মাছগুলো মারা যাচ্ছে। এর ফলে মাছের প্রজনন ব্যাহত হচ্ছে। পত্র দ্বারা তাদেরকে নিষেধ করা হয়েছে। এতেও কাজ না হলে বিজ্ঞ ম্যাজিস্টেট এর উপস্থিতিতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। মাছের অভয়াশ্রমের বিষয়ে উপজেলা প্রকৌশলী, বিরামপুরের সাথে আলোচনা হয়েছে। ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের জন্য আলাদা আলাদা মাছের অভয়াশ্রম স্থাপন করতে হবে। তিনি মাছের অভয়াশ্রম স্থাপন দ্রুত করার জন্য উপজেরা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, লোড শেডিং নেই। আগাছা পরিষ্কার কার জন্য বিদ্যুৎ সাময়িক বন্ধ রাখা হয়। আশ্রয়ন প্রকল্পের আওতায় ৩৬ জনের তালিকা মোতাবেক একক গৃহে দ্রুত বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার দিপবিস-২ কে অনুরোধ করেন। এ সংখ্যা আরও বাড়তে পারে। বৈদ্যুতিক মালামাল কম থাকায় কাজ শেষ করা যাচ্ছে না মর্মে জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্পের (UGDP) আওতায় হাই ও লো বেঞ্চ এবং ফ্যান ক্রয় সংক্রান্ত টেন্ডারের কার্যক্রম শেষ হয়েছে। এক সমপ্তাহের মধ্যে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) ২টি বরাদ্দ পাওয়া গেছে। তিনি চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে প্রকল্পের তালিকা দ্রুত দাখিল করার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, মোবাইল মেইনটেনেন্সের অর্থ দ্বারা প্রায় সারা বছর ভেঙ্গে যাওয়া, গর্ত হয়ে যাওয়া বা দেবে যাওয়া রাস্তা মেরামত করা যাবে। জনস্বার্থে মোল্লাপাড়া ব্রীজের মোড়ে মাছের অভয়াশ্রম প্রকল্পটি করা যাবে। ১৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২টি বিদ্যালয়ের অবকাঠমো উন্নয়নের জন্য বরাদ্দ পাওয়া গেছে। চরকাই ও অভিরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জায়গা বদল করে দিলে বিল্ডিং করা যাবে। এ পর্যায়ে উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, অভিরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিরুদ্ধে মামলা রয়েছে। খসড়া গেজেট প্রকাশিত হয়েছে। চূড়ান্ত গেজেট প্রকাশিত না হওয়ায় বিদ্যালয়ের শিক্ষকগণ সরকারি বেতন পাচ্ছেন না। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর কর্তৃক তদন্ত চলছে। প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ বিষয়ে অগ্রগতি জানতে চাইলে উপজেলা প্রকৌশলী জানান যে, কাজের রেট সিডিউল ২ বার পরিবর্তন হয়েছে। খুব দ্রুতই কাজ শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্পের আওতায় হাই ও লো বেঞ্চ এবং ফ্যান ক্রয় সংক্রান্ত কাজ দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে সার্বিক অবস্থা সার্বক্ষণিক অবহিত করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) প্রকল্পের তালিকা দ্রুত দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে .উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১-৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) প্রকল্পের তালিকা আগে দাখিল করার জন্য এবং পরে PIC দাখিল করার জন্য অনুরোধ করেন। তিনি মাছের অভয়াশ্রমের জন্য ১,০০,০০০/-(একলক্ষ) টাকার প্রকল্প দাখিল করার জন্যও অনুরোধ করেন। | | |
| আলোচনাঃ ১১ বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুরের অনুপস্থিতির কারণে উপজেলা সেচ কমিটির মিটিং নিয়মিত করা সম্ভব হচ্ছে না। ফলে সেচ কার্যক্রম ঝিমিয়ে পড়েছে। সামনে সেচ মৌসুম আসছে। দাখিলকৃত আবেদনগুলো যাচাই-বাছাই অন্তে সেচের লাইসেন্স দিতে হবে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর বলেন যে, উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর নিয়মিত সেচ কমিটির সভা আহ্বান করছেন না; তদন্ত প্রতিবেদনও নিয়মিতভাবে দিচ্ছেন না এবং উপজেলা পরিষদের সভায়ও অনুপস্থিত থাকছেন সেকারণে উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুরের পরিবর্তে সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুরকে উপজেলা সেচ কমিটির সদস্য-সচিব করার প্রস্তাব করেন।<br>সেইসাথে উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুরকে যাবতীয় হিসাব ও অফিসিয়াল কাগজপত্র সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুরকে বুঝিয়ে দেয়ার প্রস্তাব করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br>৩. নিয়মিত উপজেলা সেচ কমিটির সভা না করা; সঠিক সময়ে তদন্ত প্রতিবেদন সভায় উপস্থাপন না করা এবং জনস্বার্থে উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুরের পরিবর্তে সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুরকে উপজেলা সেচ কমিটির সদস্য-সচিব নির্বাচিত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।<br>৪.উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুরকে যাবতীয় হিসাব ও অফিসিয়াল কাগজপত্র সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুরকে বুঝিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১.২.৪.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর।<br>৪. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর। |
| আলোচনাঃ ১২ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তাকে উপজেলা সেচ কমিটির সদস্য-সচিব নির্বাচিত করায় তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। তার উপর অর্পিত দয়িত্ব তিনি সততার এবং স্বচ্ছতার সাথে পালন করবেন মর্মে আশ্বস্ত করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর জনগণের সাথে কোন ঝামেলা না হয় সেদিকে লক্ষ্য রেখে কাজ করার জন্য অনুরোধ জানান। সেইসাথে পানির স্তর নিচে নেমে যাওয়ার কারণে যত্রতত্র গভীর/অগভীর নলকূপ স্থাপন করা যাবে না মর্মে সতর্ক করে দেন। ভূগর্ভস্থ পানি নেমে গেলে ভবিষ্যতে সমস্যা হতে পারে এ বিষয়টি মাথায় রেখে কাজ করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরকারি নির্দেশনা মেনে এবং ভূগর্ভস্থ পানি নেমে গেলে ভবিষ্যতে যাতে সমস্যা না হয় সে বিষয়ে সচেতন থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, শিক্ষকদের কারিকুলাম বিষয়ে প্রশিক্ষণ চলছে। যে শিক্ষা প্রতিষ্ঠানগুলো নির্বাচন কেন্দ্র হিসেবে নির্বাচিত হয়েছে সেগুলোর সংস্কার/মেরামত কাজের প্রয়োজন হলে নির্বাচন কমিশন কর্তৃক সংস্কার/মেরামত করে দিবে। সেপ্রেক্ষিতে নির্বাচন কমিশনে তালিকা প্রেরণ করা হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বিদ্যালয়গুলোতে যে ডিভাইস দেয়া হয়েছে তা ব্যক্তিগতভাবে ব্যবহার করা হচ্ছে। নিরাপত্তা প্রহরী নিয়োগ বিষয়ে মামলা করায় নিয়োগ বন্ধ ছিল। হঠাৎ করে আবার | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। বিষয়টি খতিয়ে দেখার জন্য তিনি উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। তিনি আরও উল্লেখ করেন যে, প্রত্যাশা এনজিও কর্তৃক ঝড়ে পড়া শিশুদের শিক্ষাদান করা হচ্ছে।<br>উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর জানান যে, UNIC ID করার কাজে সহকারী শিক্ষকগণ ল্যাপটপ কর্তৃক ব্যবহার করা হচ্ছে। | | • |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ৬ষ্ঠ এবং ৭ম শ্রেণির নতুন কারিকুলাম অনুযায়ী এবং অন্যান্য শ্রেণির পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়াও ৮ম ও ৯ম শ্রেণির প্রশিক্ষক নির্বাচন কার্যক্রম চলছে। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। শিক্ষা প্রতিষ্ঠানে ইন হাউজ প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, স্ব-শরীরে যাচাই-বাছাই শেষ হয়েছে। নির্দেষ্ট মাঠকর্মীকে নিয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতায় জীবিত ও মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা হবে। আবেদনের সময়সীমা শেষ হয়েছে। বিধবা, প্রতিবন্ধীসহ অন্যান্য খাতে এখনও বরাদ্দ আসেনে। ইউনিয়ন কমিটিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি থাকলে যাচাই-বাছাই করতে পারবেন। বিধবা/স্বামী পরিত্যাক্তাদের ক্ষেত্রে চেয়ারম্যানের প্রত্যয়নপত্র থাকতে হবে। তিনি প্রত্যয়নপত্র প্রদানের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করেন। প্রতিবন্ধীদের মাসিক ভাতার পরিমান ৭৫০/- টাকা মর্মে তিনি সভায় অবহিত করেন। দ্রুত যাচাই-বাছাই সম্পন্ন করে প্রকৃত প্রতিবন্ধী নির্বাচন করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করেন। জাতিসংঘের নীতিমালা অনুযায়ী হাটতে পারে না, আঙ্গুল নেই এমন ব্যক্তিদের মৃদু প্রতিবন্ধী হিসেবে নির্বাচিত করার সিদ্ধান্ত রয়েছে। এই নীতিমালা অনুসরণ করে প্রতিবন্ধী নির্বাচন করা হয়। তিনি আরও জানান যে, ৩য় লিঙ্গের ক্ষেত্রে ৫০ বয়সীদের ভাতা প্রদান করা যাবে। এ ছাড়াও কেউ পড়াশুনা করলে তাকে শিক্ষা ভাতা প্রদান করা যাবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ প্রসঙ্গে বলেন যে, বিরামপুরে ৩য় লিঙ্গের তালিকা পূর্বে করা হয়েছে। এদের সংখ্যা ৭/৮ জন। খাস জমিতে তাদের বাড়ি করে দেয়া বা দোকান করে দিয়ে পুনর্বাসন করার উদ্যোগ গ্রহণের জন্য তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত যাচাই-বাছাই সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>৩. ৩য় লিঙ্গের তালিকা অনুযায়ী পর্যায়ক্রমে পুনর্বাসনের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, VWB উপকারভোগী মহিলারা প্রতিমাসে ২২০/-(দুইশত পঞ্চাশ) টাকা সঞ্চয় জমা দিয়ে জমার স্লিপ ইউনিয়ন পরিষদে জমা প্রদানপূর্বক VWB-র চাল নিবেন। ইউনিয়ন পরিষদ থেকে তালিকা দেয়া হলেও সভার কার্যবিবরণী প্রেরণ করা হয় নাই। মা ও শিশু সহায়তা তহবিল বিষয়ে ইউপি সদস্যদের অভিযোগ থাকায় ইউনিয়ন কমিটির কার্যবিবরণী লাগবে। ইতোপূর্বে পত্র দিয়ে অবহিত করা হয়েছে। তিনি সভায় আবারও জানান যে, ১-২০ তারিখের মধ্যে Online এ আবেদন করতে হবে; ২৫ তারিখের মধ্যে ইউনিয়ন কর্তৃক এবং উপজেলা পর্যায়ে ৩০ তারিখের মধ্যে অনুমোদন দিতে হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিরামপুর পোর্টালে সংযুক্ত ৩৫টি সরকারি দপ্তরের মধ্যে ২০টি দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ রয়েছে। তিনি অবশিষ্ট ১৫টি দপ্তরের পোর্টাল হালনাগাদ করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লগইন করাসহ স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনু রোধ করা হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক চলতি মাস পর্যন্ত ০১টি প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন করা হয়েছে এবং ২টি ব্যাচ যুব দিবসের অনুষ্ঠানে উদ্বোধন করা হবে। এছাড়াও দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সসমূহ চলমান রয়েছে।<br>আগামী ১ নভেম্বর ২০২৩খ্রি. তারিখ বুধবার জাতীয় যুব দিবস। 'স্মার্ট যুব সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ' এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে উপজেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় যুব দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। উক্ত দিবসের সকল কর্মসূচীতে সবার সহযোগিতাসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br>পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =২৭,২০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =১৯,৮৪,০০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=১৯,২৬,৯২০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৭%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে =২,৯৮,৫৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৫৮,৩২,৩০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২,৩৫,৪৩,৭৫১/- টাকা এবং আদায় হার শতকরা ৯১%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পর্যায়ে বায়োগ্যাস প্লান্ট বাস্তবায়ন করতে পারবে এমন যুবদের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, জনবল সংকটের কারণে খুব সমস্যার মধ্য দিয়ে কাজ করতে হচ্ছে। নভেম্বর ২০২৩ মাসে মাঠ পর্যায়ের ৬ জন কর্মী যোগদান করে প্রশিক্ষণে যাবেন। পুকুর ভেঙ্গে অফিসের কাছে চলে এসেছে। সীমানা প্রাচীর না থাকায় রাজহাঁসের বিষ্টার কারণে অফিস পরিষ্কার থাকছে না। যে কোনভাবে ঘিরে রাখা প্রয়োজন। দিওড় ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে সীমানা না দিলে সমস্যা হচ্ছে। কাটলায় মাটি ভরাট না করলে বিল্ডিং ভেঙ্গে যাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় দাপ্তরিক কাজে বাহিরে থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। প্রতিবছর নভেম্বর মারে ১ম শনিবার জাতীয় সমবায় দিবস পালিত হয়। এবার ৪ নভেম্বর ২০২৩ শনিবার জাতীয় সমবায় দিবস পালিত হবে। তিনি দিবসের সকল অনুষ্ঠানে সবাইকে উপস্থিত থাকার জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিনাইল ইউনিয়নে উপকারভোগী নির্বাচন করা ছিল না। ০৭ সদস্য বিশিষ্ট কমিটি করা হয় এবং এই কমিটি স্বাক্ষরিত ১টি বাগানে উপকারভোগীর সংখ্যা ৩২ জন অপরটিতে ৪২ জন। মূল চুক্তিনামা তিনি পাননি। ২০১১ সালে উপকারভোগীরা ক্ষুব্ধ হয়ে মামলা করে। কিন্তু বিনা তদবিরে মামলাটি খারিজ হয়ে যায়। এখন তারা বন বিভাগের সাথে যোগাযোগ করছে। গাছ কর্তণের সময় উপকারভোগী নির্বাচন করা হয়। সামাজিক বনায়ন বিধিমালা ২০০৪ অনুযায়ী ইউনিয়ন পরিষদ-৫%, ভূমি মালিক-২০%, উপকারভোগী-৫৫%, সরকারের রাজস্ব-১০% এবং TFF বা নতুন করে বাগান সৃজন করলে ইউনিয়ন পরিষদের রাস্তা যার নামে হবে তারা পাবে ১০%অর্থ।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদও জানান যে, মূল চুক্তিনামা পাওয়া যাচ্ছে না। তবে ফটোকপি আছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপকারভোগীর সংখ্যা কমিয়ে ইউনিয়ন পরিষদের আয় কিভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি চলছে। নভেম্বর ২০২৩ থেকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের কার্যক্রম শুরু করা হয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর পোলিং পার্সোনেল নির্বাচন প্রক্রিয়া শুরু করাসহ যোগ্য, দক্ষ ও অভিজ্ঞ অফিসারকে প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ প্রদানের জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১-২. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের হার আপাততঃ কম। তবে ধান উঠলে ঋণ আদায় বৃদ্ধি পাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ঋণ আদায়ের হার কমে গেছে। তবে আশা করা যায় আমন ধান উঠলে ঋণ আদায় বাড়বে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, গত সপ্তাহের বুধ ও বৃহস্পতিবার উঠান বৈঠক হয়েছে। আগামী সপ্তাহের বুধ ও বৃহস্পতিবার উঠান বৈঠক হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উল্লেখ করেন যে, শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত বেঞ্চ ও কম্পিউটারগুলো অযত্নে রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগীদের স্বজনদের জন্য অপেক্ষমান কক্ষটি টিকাদান কেন্দ্র হিসেবে ব্যবহার হচ্ছে। যে কোন ধরণের রোগী সেন্ট্রাল অক্সিজেন সিস্টেমটি ব্যবহার করতে পারবে। যদিও এটি করোনা রোগীদের কথা বিবেচনায় স্থাপন করা হয়েছিল।কারণ এটি ব্যবহার না করলে নষ্ট হয়ে যাবে। তিনি পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নে একটি কমিটি গঠন করার জন্য অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরা On line এ আপলোড করে হার্ডকপি প্রশাসনিক কর্মকর্তার নিকট জমা প্রদান করে UDF-কে জানানোর সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. সদস্য-সচিব, ১৭টি উপজেলা কমিটি। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৩ Upazila Governance and Development Project (UGDP) | এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সহকারী পোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুরকে আহ্বায়ক, Upazila Development Facilitator (UDF), বিরামপুরকে সদস্য-সচিব এবং ২ জন ভাইস-চেয়ারম্যান এবং ১৭ উপজেলা পরিষদ স্থায়ী কমিটির সদস্য-সচিবগণকে সদস্য করে বিরামপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী প্রণয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা যেতে পারে।<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর এ কমিটিতে এনজিওকে সম্পৃক্ত করার অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় বলেন যে, ২টি প্রকল্পের টেন্ডার শেষে বর্তমানে তার মূল্যায়নের কাজ চলছে । অতিশীঘ্রই কাজের আদেশ দেয়া হবে। এ ২টি প্রকল্প বাস্তবায়নের পর ১০,০০০,০০/-(দশলক্ষ) টাকা উদ্বৃত্ত থাকবে। উক্ত টাকা কি করা যাবে? এ বিষয়ে Upazila Development Facilitator (UDF) জানান যে, এ টাকা ফেরত যাবে। পরবর্তীতে নম্বরের ভিত্তিতে পুনরায় বরাদ্দ পাওয়া যাবে।<br>যে দপ্তরসমূহ এখনও ১৭টি স্ট্যান্ডিং কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের হালনাগাদ এবং ২০২২-২০২৩ অর্থ বছরের কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরা ওয়েবপোর্টালে আপলোড করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুরে দাখিল করেননি সে দপ্তরসমূহকে অতিদ্রুত দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হয়।<br>এ প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সকলের সহযোগিতা কামনা করেন। | ৩. বিরামপুর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নে প্রস্তাবিত কমিটিকে কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হয়। | ৩. উপজেলা প্রকৌশলী, বিরামপুর। |
| আলোচনাঃ ৩৪ খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি মুকুন্দপুর হতে হাবিবপুর রাস্তাটি মেরামত করা প্রয়োজন মর্মে সভায় উল্লেখ করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে ভেঙ্গে যাওয়া কালভার্টটি দ্রুত পুনঃস্থাপন করার জন্য অনুরোধ করেন। তাকে কালভার্টটির ছবিসহ আবেদন করার জন্য অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৭ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৪০ দিনের কর্মসূচীর নির্বাচিত ৫-১০ লোক কাজ করে না। এদের কারণে অন্যরাও কাজ করতে চায় না। পূর্বে ব্যক্তিদের বাতিল করে নতুন লোক নিয়োগ প্রদানের জন্য তিনি প্রস্তাব করেন।<br>এ পর্যায়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অবহিত করেন যে, যারা কাজ করে না তাদের অনুপস্থিত দেখিয়ে টাকা কর্তণ করা যাবে। মৃত্যু ছাড়া পরিবর্তন করার সুযোগ নেই। এটি কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর বা প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় বলেন যে, RMP-র মহিলারা কাজ করে না। শুধু সরকারি অর্থ অপচয় হচ্ছে। তিনি আরও জানান যে, খরা মৌসুম আসছে বেইলী ব্রীজটি দ্রুত মেরামত করা প্রয়োজন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত স্যালাইন নেই। ADP-র বরাদ্দ থেকে স্যালাইন ক্রয় করে দেয়া যায় কি-না?<br>আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুর সভায় জানান যে, ৪০০ স্যালাইনের মধ্যে ২০০টি স্যালাইন রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চাহিদা প্রাপ্তি সাপেক্ষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুরকে স্যালাইন সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর।<br>২. উপজেলা পরিষদ এবং মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩ মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪ ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের ADP-র বরাদ্দ থেকে খেলাধুলার সামগ্রী ক্রয় বিশেষ করে ফুটবল ক্রয় সংক্রান্ত প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ করেন। বিরামপুর উপজেলার রেজিস্ট্রেশনকৃত ক্লাবগুলোকে ফুটবল সরবরাহ করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার সভায় আনন্দের সাথে জানান সম্প্রতি অনূর্ধ্ব ১৭ বছর বয়সী ছেলেরা বঙ্গবন্ধু গোল্ডকাপ টুর্ণামেন্ট ২০২৩ এ অংশগ্রহণ করে জেলা পর্যায়ে চাম্পিয়ন হয়েছে। অনুশীলন চলতে থাকলে ভবিষ্যতে তারা আরও অনেক দূর এগিয়ে যাবে। এ ধারা অব্যাহত রাখতে খেলাধুলার প্রতি যত্নশীল হতে হবে। | ১. ২০২৩-২০২৪ অর্থ বছরের ADP-র বরাদ্দ থেকে খেলাধুলার সামগ্রী ফুটবল ক্রয় করে রেজিস্ট্রেশনকৃত ক্লাবগুলোকে ফুটবল সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিরামপুর উপজেলার রেজিস্ট্রেশনকৃত ক্লাবগুলোর তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | ১. জনাব মোঃ মেজবাউল ইসলাম, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, বিরামপুর। |
| আলোচনাঃ ৪৫ ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। | -- | -- |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**সেপ্টেম্বর/২০২৩ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা, বাসা ভাড়া এবং জুলাই-সেপ্টেম্বর মাসের ভ্রমণ ভাতা প্রদান। | =৬৯,৩৭৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা এবং জুলাই-সেপ্টেম্বর/২০২৩ মাসের ভ্রমণ ভাতা প্রদান। (৪৬,৫৫+৪৬,৫০০=৯৩,০০০/-) | =৯৩,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর সেপ্টেম্বর/২৩ মাসের ২৮ দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান (১৫,৪০০+১৫,৪০০=৩০,৮০০/-) | =৩০,৮০০/- |
| ০৪ | সেপ্টেম্বর/২০২৩ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | সেপ্টেম্বর/২০২৩ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে সেপ্টেম্বর/২০২৩ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৭ | সেপ্টেম্বর/২০২৩ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =৩৮,৮৬৩/- |
| ০৮ | জোড়াবাড়ি, বিআরডিবি, বিরামপুরের সঞ্চয়ী হিসাব নং-০২০০০১১৭৭৬৬৩১, অগ্রণী ব্যাংক লিঃ, বিরামপুর শাখায় জুলাই-সেপ্টেম্বর/২০২৩ মাসের জোড়াবাড়ির ভাড়া বাবদ প্রদান (৪,০০০X৩=১২,০০০/-) | =১২,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, দেশে এখন ক্রান্তিকাল চলছে। আগামী নভেম্বর ২০২৩ মাসে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফশীল ঘোষণা হতে পারে। ১৯৮০ সাল থেকে দলমত নির্বিশেষে বিরামপুরের উন্নয়নে পূর্বসুরীগণ একসাথে কাজ করে গেছেন। সে ধারাবাহিকতায় ভাতৃত্বভাব বজায় রেখে তিনি বিরামপুরকে স্থিতিশীল অবস্থায় রাখতে চান। কোন সহিংসতা যেন না হয় সেদিকে সকলের দৃষ্টি রাখতে হবে। খেলাধূলার প্রতি জোর দিয়ে তিনি বলেন যে, খেলাধূলা বা সাংস্কৃতিক কর্মকান্ডে ছেলেমেয়েদের সম্পৃক্ত করতে পারলে সামাজিক পরিবর্তন আসবে। সুবাতাস বইবে। শীত আসছে শুরু হবে ব্যাডমিন্টন খেলা। সেকারণে তিনি রাত ৯.০০টা পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার জন্য দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২কে অনুরোধ করেন। খেলার কোন বিকল্প নেই। তাই বাচ্চাদের খেলার সুযোগ দিতে হবে। বিদ্যুতের স্বল্পতা রয়েছে উল্লেখ করে তিনি দিপবিস-২ এর সহযোগিতা কামনা করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২.১০.২৩

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.১৩৭২/১(৪৮) তারিখঃ ১৩.১১.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ......................................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর।
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা.........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৩/১১/২৩
নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd